


“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
বিধি ও শৃঙ্খলা শাখা
www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০১১.৩৭.০৫১.১৭.৪৪

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭
০৯ জুন ২০২০

বিষয়: ই-নথি সিস্টেমের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন।

সূত্র: (১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২০.৯৯.০০১.২০.১৩৮০ তারিখ: ০২-৬-২০২০
(২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২২.০৮.০০১.১৭.২৯ তারিখ: ১৯-৫-২০২০।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপি করোনা ভাইরাসজনিত রোগের প্রাদুর্ভাব ও বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বর্তমানে সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিসসমূহ সীমিত পরিসরে খোলা রয়েছে। এতে দাপ্তরিক অনেক কাজ পেন্ডিং হয়ে যাচ্ছে। উল্লেখ্য, বর্তমান করোনা পরিস্থিতিতে ইন্টারনেটের (ই-নথি ও ই-মেইল) মাধ্যমে দাপ্তরিক যোগাযোগ সম্পাদন করা জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। আরো উল্লেখ্য, চলমান করোনা পরিস্থিতিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরিতব্য বিভিন্ন মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন/তথ্য ই-নথির মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-নথি কার্যক্রমের উপর উল্লেখযোগ্য সূচকের মান নির্ধারণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, চলমান করোনা ভাইরাসজনিত উদ্ভূত পরিস্থিতিতে দাপ্তরিক কার্যক্রম নিয়মিত রাখার নিমিত্ত সকল দাপ্তরিক কার্যক্রম যথাসম্ভব ই-নথি সিস্টেমের মাধ্যমে সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-৬-২০২০

রুচিরা ইসলাম

মহাব্যবস্থাপক

ফোন: +৮৮০২৮১৮৯৯৩৯

ইমেইল: gm-

admin@petrobangla.org.bd

বিতরণ :

- ১) সকল পরিদপ্তর (৫টি)
- ২) সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৩) সকল কোম্পানি (১৩টি)
- ৪) বিভাগ/ডিপার্টমেন্ট প্রধানগণ

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০১১.৩৭.০৫১.১৭.৪৪/১

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭
০৯ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)



১০-৬-২০২০

রুচিরা ইসলাম

মহাব্যবস্থাপক